# Times Today BD

এম এস রহমান | রাজশাহী | 16 June, 2025

পাবনার সদর উপজেলার চর-ভাড়ারা গ্রামে অবৈধভাবে বালু উত্তোলনের প্রতিবাদে মানববন্ধন করেছেন এলাকাবাসী।সোমবার (১৭ জুন) দুপুরে সর্বস্তরের জনগণের আয়োজনে এ কর্মসূচি পালন করা হয়।

মানববন্ধনে বক্তব্য রাখেন শরিফ মন্ডল, দেলোয়ার হোসেন, গোলাম মোস্তাফা হিরাজ, আরিফুল ইসলাম, সোহেল রানা, আব্দুর রশিদ, লিটন হোসেন, শফি প্রামানিক, ঠিকাদার দেলোয়ার হোসেন ও জাহাঙ্গীর আলম সাগর।

বক্তারা অভিযোগ করে বলেন, ভাড়ারা ও চর-ভাড়ারা এলাকায় একটি প্রভাবশালী চক্র দীর্ঘদিন ধরে অবৈধভাবে বালু উত্তোলন করে আসছে। এর ফলে গ্রামের সড়কগুলো মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়ে পড়েছে।সৃষ্টি হয়েছে বড় বড় গর্ত, যা শিশু শিক্ষার্থীসহ সাধারণ মানুষের জন্য বিপজ্জনক হয়ে দাঁড়িয়েছে।

তারা বলেন, প্রতিদিন বড় ড্রাম ট্রাক চলাচলের ফলে রাস্তা ব্যবহার অনুপযোগী হয়ে গেছে।এর ফলে এলাকাবাসী চরম দুর্ভোগ পোহাচ্ছে। নিষেধ করা সত্ত্বেও বালু উত্তোলনকারীরা উল্টো ভয়ভীতি দেখায়।

মানববন্ধনে অংশগ্রহণকারীরা অবিলম্বে অবৈধ বালু উত্তোলন বন্ধে প্রশাসনের কঠোর পদক্ষেপ গ্রহণের দাবি জানান।তারা বলেন, প্রশাসনের সক্রিয় হস্তক্ষেপ ছাড়া এই দুর্ভোগ থেকে মুক্তি মিলবে না।

বালু মানববন্ধন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 21:10

URL: https://www.timestodaybd.com/public/rajshahi/3452775807